

## স্কুল থেকে ফেরার পথে কিশোরীকে প্রকাশ্যে হত্যা চাইল্ডস রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ-এর নিন্দা ও প্রতিবাদ

নেত্রকোনা জেলার বারহাট্টা উপজেলার প্রেমনগর ছালিপুরা গ্রামে মুক্তি বর্মণ (১৬) নামে এক কিশোরীকে প্রকাশ্যে দা দিয়ে কুপিয়ে হত্যা করা হয়েছে। এ ঘটনায় অভিযুক্ত একই গ্রামের কাউছার মিয়াকে (২১) এখন পর্যন্ত গ্রেফতারের তথ্য পাওয়া যায়নি। চাইল্ডস রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ- এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে, এবং একইসাথে অভিযুক্তের বিরুদ্ধে যথাযথ আইনানুগ পদক্ষেপ গ্রহণের জোর দাবী জানাচ্ছে।

গণমাধ্যম সূত্রে জানা যায়, গত মঙ্গলবার, ০২ মে ২০২৩ তারিখে, আনুমানিক দুপুর ২টার সময় সহপাঠীদের সঙ্গে স্কুল থেকে বাড়ি ফিরছিলেন প্রেমনগর ছালিপুরা উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী মুক্তি বর্মণ। পথিমধ্যে অভিযুক্ত কাউছার মিয়া (২১) তাকে ধারালো দা দিয়ে আক্রমণ করে। এ সময় সহপাঠীরা ভয়ে চিৎকার শুরু করলে স্থানীয় লোকজন এসে আহত অবস্থায় মুক্তি বর্মণকে উদ্ধার করে বারহাট্টা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখান থেকে তাকে নেত্রকোনা হাসপাতালে পাঠানো হয়। পরবর্তী সময়ে, বিকাল পাঁচটার দিকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকেরা তাকে মৃত ঘোষণা করেন। জানা যায়, অভিযুক্ত কাউছার মিয়া (২১) বিগত কয়েক মাস যাবত বিদ্যালয়ে যাওয়া-আসার পথে উক্ত শিক্ষার্থীকে উত্ত্যক্ত করে আসছিলো। এমনকি, কিছুদিন পূর্বে, বিষয়টি সম্পর্কে নিহত শিক্ষার্থীর পরিবার অভিযুক্তের পরিবারকে অবহিত করেন। এ ঘটনায় সংশ্লিষ্ট হয়ে অভিযুক্ত ঘটনার দিন (২ মে) মুক্তি বর্মণকে আক্রমণ করে। সন্ধ্যায় ঘটনাস্থল থেকে হত্যাকাণ্ডে ব্যবহৃত অস্ত্রটি (দা) উদ্ধার করতে সমর্থ হয় পুলিশ, তবে অভিযুক্তকে গ্রেফতার করা এখনও সম্ভব হয়নি বলে জানা যাচ্ছে। এ ঘটনা অত্যন্ত অনাকাঙ্ক্ষিত এবং নিঃসন্দেহে এটি স্থানীয় শিক্ষার্থী, অভিভাবকদের ওপর নেতিবাচক প্রভাব ফেলবে।

বিগত দিনসমূহের ঘটনা বিশ্লেষণে দেখা যায়, এধরনের প্রকাশ্যে কন্যাশিশু হত্যার একাধিক ঘটনায় বিচার বিলম্ব অপরাধীদের এক ধরনের অপরাধ করতে উৎসাহিত করছে।

চাইল্ডস রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ-এ ঘটনায় অত্যন্ত উদ্দিগ্ন এবং এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অভিযুক্তকে দ্রুততার সাথে আইনের আওতায় আনার ব্যাপারে সচেতন হতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবী জানাচ্ছে। কোয়ালিশন মনে করে, এমন নৃশংস ঘটনা শিশু অধিকারের চরম লঙ্ঘন এবং জাতিসংঘের শিশু অধিকার সনদে স্বীকৃত অধিকারসমূহ বাস্তবায়ন করে শিশুদের সুরক্ষা ও সুষ্ঠু বিকাশ নিশ্চিত করার ক্ষেত্রে বড় অন্তরায়।